

গ্রীসে প্রথম বারের মতো প্রবাসীদের জন্য রেমিট্যান্স সম্মাননা

এই প্রথমবারের মত রেমিট্যান্স প্রেরণকারীদের পুরস্কার প্রদানের মধ্য দিয়ে গ্রীসে বাংলাদেশ দূতাবাসে পালন করা হল আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০১৬। দিবসটি উপলক্ষে প্রবাসীদের হাতে সম্মাননা তুলে দেন গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মো: জসীম উদ্দিন এবং রাষ্ট্রদূতের সহধর্মিণী মিসেস শায়লা পারভীন। রেমিট্যান্স প্রেরণকারী প্রবাসীদের সম্মানিত করে এই পুরস্কার প্রদানের মধ্য দিয়ে বৈধ পথে রেমিট্যান্স প্রেরণে প্রবাসীদের উৎসাহিত করার উদ্যোগ নেয় বাংলাদেশ দূতাবাস। প্রবাসীরা বিপুল উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। পুরস্কারপ্রাপ্তদের অভিনন্দন জানিয়ে রাষ্ট্রদূত বলেন, প্রবাসীরা আমাদের সূর্য সন্তান। দেশের অর্থনীতিতে তাঁদের অবদানের স্বীকৃতি প্রদান করতে পেরে বাংলাদেশ দূতাবাস অত্যন্ত গর্বিত। রাষ্ট্রদূত আশা ব্যক্ত করেন যে, এই পুরস্কার প্রবাসীদের বৈধ পথে রেমিট্যান্স পাঠাতে উৎসাহিত করবে। তিনি মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন-২০২১ এবং ভিশন-২০৪১ বাস্তবায়নে প্রবাসীদের অনস্বীকার্য ভূমিকার কথা উল্লেখ করে এই প্রয়াস অব্যাহত রাখার আহ্বান জানান। গ্রীস থেকে বর্তমানে প্রেরিত রেমিট্যান্স আগামী ১ বছরের মধ্যে দ্বিগুন করা সম্ভব বলে মন্তব্য করে বাংলাদেশের রাষ্ট্রদূত প্রবাসীদের বৈধ পথে রেমিট্যান্স প্রেরণের আহ্বান জানান। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকারের গৃহীত বিভিন্ন কল্যাণমুখী কর্মসূচীর উল্লেখ করে তিনি ঢাকায় অনুষ্ঠিত সদ্য সমাপ্ত নবম Global Forum for Migration and Development (GFMD)-এর মধ্য দিয়ে সৃষ্ট অভিবাসন প্রক্রিয়ায় বাংলাদেশের বলিষ্ঠ ও সক্রিয় নেতৃত্বের কথা তুলে ধরেন। দূতাবাসের প্রথম সচিব সুজন দেবনাথের সঞ্চালনায় এই অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন দূতাবাসের কাউন্সেলর ড. সৈয়দা ফারহানা নূর চৌধুরী। দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় অর্থমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী, মাননীয় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব কর্তৃক প্রেরিত বাণীও পাঠ করা হয়।

এ বছর দূতাবাস সাড়ম্বরে আন্তর্জাতিক অভিবাসী দিবস পালনের উদ্দেশ্যে সপ্তাহব্যাপী কর্মসূচী গ্রহণ করে। দূতাবাস প্রাঙ্গণে ৯ই ডিসেম্বর ২০১৬ বৈধ পথে রেমিট্যান্স প্রেরণ বিষয়ক সেমিনার এবং ১০ই ডিসেম্বর ২০১৬ প্রবাসী নারীদের চ্যালেঞ্জ ও সম্ভাবনা শীর্ষক একটি আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রবাসী শিশু-কিশোরদের মধ্যে চিত্রাঙ্কন প্রতিযোগিতারও আয়োজন করা হয়। দূতাবাস কর্তৃক আয়োজিত এই সেমিনার এবং অনুষ্ঠানে গ্রীসে বসবাসকারী বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, আঞ্চলিক, ব্যবসায়ী এবং নারীনেতৃবৃন্দ অংশগ্রহণ করেন।

প্রথমবারের মত প্রবর্তিত আন্তর্জাতিক অভিবাসী দিবস উপলক্ষে পুরস্কারে গ্রীস থেকে সর্বোচ্চ রেমিট্যান্স প্রেরণকারী হিসেবে সম্মাননা গ্রহণ করেন মোহাম্মদ শামসুল আলম, মোঃ দাদন শেখ, কাজী আলমাস, মিসেস আঞ্জুমান আরা বিউটি এবং আবুল কালাম শরীফ। রেমিট্যান্স প্রেরণকারী ২১ জন প্রবাসী বাংলাদেশীকেও সনদপত্র প্রদান করা হয়।

এই অনুষ্ঠানে আগত বিপুল সংখ্যক প্রবাসী এই পুরস্কার প্রবর্তনকে একটি বিশেষ মাইল ফলক হিসেবে আখ্যায়িত করেন। তারা এই পুরস্কারের মাধ্যমে প্রবাসীদের স্বীকৃতি এবং উৎসাহ প্রদানে বাংলাদেশ দূতাবাসের উদ্যোগকে অভিনন্দন জানান।

